সমকাল

তারিখ: 9 AUG 2017
পৃষ্ঠা ... কলাম ...

# জ্যেষ্ঠতার ভিত্তিতে পদোন্নতি চান বিসিএস শিক্ষকরা

■ সমকাল প্রতিবেদক

জ্যেষ্ঠতার ভিত্তিতে পদোন্নতি দাবি করেছে বিসিএস শিক্ষক সমিতি। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের সঙ্গে গতকাল মঙ্গলবার সচিবালয়ে তার দপ্তরে সাক্ষাৎকালে সমিতির নেতারা এ দাবি জানান। ১০ সদস্যের প্রতিনিধি দলের নেতৃত্বে ছিলেন সমিতির ভারপ্রাপ্ত সভাপতি প্রফেসর অলিউল্লাহ মো. আজমতগীর এবং মহাসচিব মো. শাহেদুল খবির চৌধুরী।

সাক্ষাৎকালে শিক্ষক নেতারা শিক্ষা ক্যাডারে পদোন্নতির ক্ষেত্রে বিভিন্ন বাধা দূর করা এবং সর্বোচ্চ সংখ্যক পদোন্নতি নিশ্চিত করার জন্য শিক্ষামন্ত্রীর হস্তক্ষেপ কামনা করেন। তারা বলেন, অনেক শিক্ষক যথাসময়ে পদোন্নতি না পাওয়ায় মানসিকভাবে বিপর্যস্ত এবং সামাজিকভাবে কোণঠাসা হয়ে পড়েছেন। তারা ব্যাচভিত্তিক এবং জ্যেষ্ঠতার ■ পৃষ্ঠা ১৭ : কলাম ৬

## জ্যেষ্ঠতার ভিত্তিতে

[দ্বিতীয় পৃষ্ঠার পর]

ভিত্তিতে পদোন্নতির দাবি জানান।

শিক্ষক নেতারা বলেন, অনেক কলেজ সরকারি হলেও দীর্ঘ দিন পদ সৃষ্টি হয়নি। নতুন পদ সৃষ্টি করে জনবল ঘাটতি পূরণের আহ্বান জানিয়ে তারা বলেন, প্রচলিত পদ্ধতি অনুযায়ী ১ হাজার ২০০ অধ্যাপকসহ ১২ হাজার পদ সৃষ্টির প্রস্তাব মন্ত্রণালয়ে বিবেচনাধীন। এ বিষয়ে তারা শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেন।

এ সময় শিক্ষামন্ত্রী যথাসম্ভব সমস্যাগুলো সমাধানের আশ্বাস দেন। তিনি বলেন, বিপুলসংখ্যক কলেজে অনার্স ও মাস্টার্স কোর্স চালু করা হয়েছে। কিন্তু সেই তুলনায় কলেজগুলোতে শিক্ষকের পদসংখ্যা বাড়েনি। নাহিদ বলেন, শিক্ষকদের মান-সম্মান ও ইজ্জত বাড়াতে চাই। তারা জাতি গঠনে কাজ করেন, তাই তাদের যথাযথ মর্যাদা দিতে হবে।

পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এস.পি বিভাগ
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর